

AKASHVANI(AIR)
RNU: KOLKATA
Bengali Text Bulletin

Date 08-02-2026

Time: 1.40 PM

বিশেষ বিশেষ খবরঃ-

১) এসআইআর-এর শুনানি প্রক্রিয়ার সময়সীমা আরও এক সপ্তাহ বাড়ানোর জন্য রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর, নির্বাচন কমিশনের কাছে আবেদন জানিয়েছে।

২) বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় নথি হিসাবে উপযুক্ত কর্তৃপক্ষের জারি করা স্থায়ী বাসিন্দা শংসাপত্র গ্রহণযোগ্য হবে বলে জানিয়েছে নির্বাচন কমিশন।

৩) পঞ্চায়েত ব্যবস্থায় শীর্ষ পদাধিকারীদের অপসারণের লক্ষ্যে তিন বছরের আগে কোনো অনাস্থা প্রস্তাব আনা যাবে না বলে বিধানসভায় একটি বিল আনা হয়েছে।

৪) দেশের উত্তর পূর্বাঞ্চলে সংযোগ ব্যবস্থা মজবুত করতে ভারতীয় রেল শিলিগুড়ির কাছে নতুন একটি ভূগর্ভস্থ রেলপথ নির্মাণ করবে।

রাজ্যের রেল পরিকাঠামোর উন্নয়নে সিউড়ি ও কুমারপুরে দুটি রোড ওভার ব্রিজ ও আসানসোল-বোকারো একটি নতুন ট্রেন পরিষেবার সূচনা হবে।

৫) কল্যাণীতে রঞ্জি ট্রফি ক্রিকেটের কোয়ার্টার ফাইনালে বাংলা, অন্ধ্রপ্রদেশের বিরুদ্ধে প্রথম ইনিংসে এগিয়ে।

রাজ্যে SIR এর শুনানি প্রক্রিয়ার সময়সীমা বাড়ানোর জন্য রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক এর দপ্তর নির্বাচন কমিশনের কাছে আবেদন জানিয়েছে। ওই সময়সীমা ১৪ই ফেব্রুয়ারি পর্যন্ত বাড়ানোর আবেদন জানিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল কমিশনকে চিঠি দিয়েছেন। পূর্ব নির্ধারিত সূচি অনুযায়ী গতকালই শুনানির সময়সীমা শেষ হওয়ার কথা ছিল। কিন্তু মুখ্য নির্বাচনী আধিকারিক জানান এখনো পর্যন্ত সব জেলায় একশ শতাংশ শুনানি শেষ হয়নি। কলকাতা উত্তর, দক্ষিণ ২৪ পরগনা, মালদা , কর্শিয়াং সহ কয়েকটি জায়গায় ৩ থেকে ৪ শতাংশ ভোটারের শুনানি এখনো বাকি আছে। তাই শুনানির মেয়াদ বাড়ানোর আবেদন করা হয়েছে। কমিশন এই সময়বৃদ্ধির অনুমোদন দিলে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের দিনও নির্ধারিত ১৪ই ফেব্রুয়ারির পরিবর্তে সপ্তাহ খানেক পিছিয়ে যেতে পারে বলে তিনি জানিয়েছেন।

বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ায় নথি হিসেবে উপযুক্ত কর্তৃপক্ষের জারি করা স্থায়ী বাসিন্দা শংসাপত্র গ্রহণযোগ্য হবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। নির্দিষ্ট নিয়ম মেনে জেলাশাসক বা সমতুল কর্তৃপক্ষ ও মহকুমা শাসকদের দেওয়া স্থায়ী বাসিন্দা শংসাপত্রই SIR এর ক্ষেত্রে গ্রহণযোগ্য নথি হিসেবে বিবেচিত হবে। এর বাইরে অন্য কোনও কর্তৃপক্ষের জারি করা নথি গ্রহণযোগ্য হবে না বলেও স্পষ্ট করে দিয়েছে কমিশন।

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক কে পাঠানো এক চিঠিতে কমিশনের তরফে জানানো হয়েছে, বিশেষ নিবিড় সংশোধনী নির্দেশিকা অনুযায়ী স্থায়ী বাসিন্দা শংসাপত্র গ্রহণযোগ্য নথির তালিকায় রয়েছে।

পঞ্চগয়েত স্তরে প্রশাসনিক স্থায়িত্ব ও সুষ্ঠু পরিষেবা নিশ্চিত করতে ত্রিস্তরীয় পঞ্চগয়েতে শীর্ষ পদাধিকারীদের অপসারণ সংক্রান্ত নিয়মে বদল আনা হচ্ছে। এই উদ্দেশ্যে পশ্চিমবঙ্গ পঞ্চগয়েত আইনের একটি সংশোধনী আজ রাজ্য বিধানসভায় গৃহীত হয়েছে। পশ্চিমবঙ্গ পঞ্চগয়েত (সংশোধনী) বিল, ২০২৬ শীর্ষক ওই বিলে গ্রাম পঞ্চগয়েত, পঞ্চগয়েত সমিতি এবং জেলা পরিষদের প্রধান পদাধিকারীদের অপসারণ সংক্রান্ত বৈঠক নির্বাচন হওয়ার পর প্রথম তিন বছরের মধ্যে ডাকা যাবে না বলে প্রস্তাব আনা হয়েছে। পঞ্চগয়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী প্রদীপ মজুমদার বলেন, গ্রামোন্নয়নের কাজ সুষ্ঠু ভাবে সম্পন্ন করতে সরকার নির্বাচিত সদস্যদের প্রশিক্ষণে সব থেকে বেশি গুরুত্ব আরোপ করছে। ইন্ডিয়া ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্টের সঙ্গে পৃথক সেল করে তাদের প্রশিক্ষণ দেওয়া হয়েছে। আলোচনার শেষে বিলটি ধ্বনি ভোটে সভায় গৃহীত হয়।

এদিকে এই বিলটিকে ঘিরে প্রশ্ন উঠছে বিরোধী মহলে। রাজ্যের ক্ষমতা থেকে সরে যাওয়ার পরিস্থিতিতে এই বিলের মাধ্যমের পঞ্চগয়েত গুলিতে ক্ষমতা ধরে রাখা শাসক দলের পক্ষে সহজ হলো বলে মনে করা হচ্ছে।

বিধানসভা ভোটের ঘোষণার আগেই রাজনৈতিক উত্তেজনা ছড়ালো দক্ষিণ ২৪ পরগনার কুলতলির চুপড়িঝাড়া গ্রাম পঞ্চগয়েতের সিকিরহাট এলাকা। তৃণমূল কংগ্রেস ও বিজেপির মধ্যে সংঘর্ষে গুরুতর আহত হয়েছেন দু'জন। তাঁরা হাসপাতালে চিকিৎসাধীন। ঘটনায় দু'পক্ষই থানায় লিখিত অভিযোগ দায়ের করেছে। অভিযোগের ভিত্তিতে তদন্ত শুরু করেছে পুলিশ।

এদিকে, বিজেপি জয়নগর সাংগঠনিক জেলার সভাপতি উৎপল নস্করের অভিযোগ, মৎস্যজীবীদের নিয়ে বিজেপির একটি সভা চলাকালীন আচমকা তৃণমূলের কর্মীরা হামলা চালায়।

অন্যদিকে তৃণমূল কংগ্রেস নেতা পবন ভূঁইয়ার দাবি, তৃণমূলের দলীয় পতাকা ঢেকে এলাকায় বিজেপি পতাকা লাগানো হচ্ছিল, তার প্রতিবাদ করতেই স্থানীয় পঞ্চায়েত সদস্য কমলেশ গায়নকে মারধর করা হয়। এরপরই দু'পক্ষের মধ্যে সংঘর্ষ বাঁধে।

দক্ষিণ কলকাতার গোলপার্কের কাঁকুলিয়া রোডে গন্ডগোলের ঘটনায় এপর্যন্ত ২৩ জনকে গ্রেফতার করেছে পুলিশ। গত শুক্রবার রাতে শম্ভু শিকারী নামে একজনকে গ্রেফতারের পর গত সন্ধ্যায় আরও তিনজনকে পাকড়াও করে পুলিশ। আজ তাদের আলিপুর আদালতে তোলা হবে। এই ঘটনায় মূল অভিযুক্ত সোনা পাণ্ডু এবং বাপী হালদার পলাতক। এলাকা দখলের কারণে তৃণমূল কংগ্রেস আশ্রিত দুই গোষ্ঠীর মধ্যে সংঘর্ষ বলে স্থানীয়দের অভিযোগ।

ভিনরাজ্যে কাজ করতে গিয়ে প্রাণ হারালেন মুর্শিদাবাদের রঘুনাথগঞ্জের এক পরিযায়ী শ্রমিক। রঘুনাথগঞ্জের নওদা গ্রামের বাসিন্দা বছর ৩০এর অহেদুল শেখ গত বৃহস্পতিবার কর্নাটকের বেঙ্গালুরুর কুন্নরে একটি নির্মীয়মাণ বহুতল থেকে পড়ে গিয়ে তাঁর মৃত্যু হয়। দেড় মাস আগে তিনি রাজমিস্ত্রির কাজে যান। গতকাল সকালে তাঁর দেহ ফিরলে কান্নায় ভেঙে পড়ে গোটা গ্রাম। তাঁর স্ত্রী দুই ছেলে, মেয়ে রয়েছে।

মুর্শিদাবাদের বহরমপুরে পলাতক এক বাংলাদেশী বন্দির খোঁজে পুলিশ হুলিয়া জারি করেছে। গত শুক্রবার চিকিৎসা করাতে এসে মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজ থেকে রবি শেখ নামে ওই বাংলাদেশী বন্দি পুলিশ হেফাজত থেকে পালিয়ে যায়। তার পর থেকে পুলিশ অভিযুক্তের বিরুদ্ধে তল্লাশি চালালেও আজ পর্যন্ত তার কোনও খোঁজ মেলেনি। শুক্রবারই এ বিষয়ে বহরমপুর থানায় একটি মামলা হয়েছে।

বাঁকুড়ার কোতুলপুরের গোগড়া মোড়ে পথ দুর্ঘটনায় গুরুতর আহত হয়েছেন বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজ ও হাসপাতালের চিকিৎসক-অধ্যাপক ডাঃ রাতুল পাল। নিজে গাড়ী চালিয়ে যাওয়ার সময় তন্দ্রাচ্ছন্ন হয়ে পড়ায় কোতুলপুরের গোগড়া মোড়ে দাঁড়িয়ে থাকা একটি লরিতে সজোরে ধাক্কা মারে তাঁর ছোট চার চাকার গাড়ি। ঘটনায় চিকিৎসক আহত হন ও গাড়িটির সামনের অংশ ক্ষতি হয়েছে। পুলিশ ঘটনাস্থলে গিয়ে চিকিৎসককে উদ্ধার করে হাসপাতালে পাঠিয়েছে।

দেশের উত্তর-পূর্বাঞ্চলের সংযোগ ব্যবস্থা মজবুত করতে ভারতীয় রেল শিলিগুড়ির কাছে নতুন একটি ভূগর্ভস্থ রেলপথ নির্মাণের পরিকল্পনা করেছে। প্রস্তাবিত নতুন লাইনটি শিলিগুড়ি করিডোর দিয়ে যাবে। তিনমাইল হাট থেকে রাজাপানী এবং সেখান থেকে বাগডোগরা পর্যন্ত সম্প্রসারিত হবে লাইনটি। কৌশলগতভাবে সংবেদনশীল এই করিডোরে সুরক্ষিত, নির্ভরযোগ্য এবং নিরবচ্ছিন্ন রেল সংযোগ নিশ্চিত করাই এই প্রকল্পের লক্ষ্য বলে রেল মন্ত্রী অশ্বিনী বৈষ্ণব জানিয়েছেন। এই করিডোরটি প্রায় ২২ কিলোমিটার চওড়া একটি সংকীর্ণ ভূখণ্ডের মাধ্যমে মূল ভারতকে উত্তর-

পূর্বাঞ্চলীয় রাজ্যগুলির সঙ্গে সংযুক্ত করে। নেপাল, ভুটান ও
বাংলাদেশ লাগোয়া আন্তর্জাতিক সীমান্তের কাছাকাছি থাকা, এই আন্ডারগ্রাউন্ড
রেললাইনটি অত্যন্ত গুরুত্বপূর্ণ হবে বলে মনে করা হচ্ছে।

কেন্দ্রীয় রেল, তথ্য ও সম্প্রচার এবং ইলেকট্রনিক্স ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী শ্রী অশ্বিনী
বৈষ্ণব আজ ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে সিউড়ি রোড ওভার ব্রিজের উদ্বোধন
করবেন, আসানসোলে কুমারপুর রোড ওভার ব্রিজটি জাতির উদ্দেশে উৎসর্গ করবেন
এবং আসানসোল-বোকারো ট্রেনের সূচনা করবেন। এই উপলক্ষ্যে আসানসোল রেল
স্টেশনে এবং কুমারপুরে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উপস্থিত থাকবেন
বিধানসভার বিরোধী দলনেতা শ্রী শুভেন্দু অধিকারী সহ রেলের উচ্চ পদস্থ আধিকারিক
এবং অন্যান্য বিশিষ্ট জনেরা।
এই প্রকল্পগুলি পশ্চিমবঙ্গের এবং পার্শ্ববর্তী এলাকার রেল পরিকাঠামো দৃঢ় করা, সুরক্ষা
বৃদ্ধি এবং আঞ্চলিক সংযোগ ব্যবস্থার উন্নতির লক্ষ্যে এক উল্লেখযোগ্য পদক্ষেপ।

ইঞ্জিনিয়ারিং, ওভার হেড ইকুইপমেন্ট এবং সিগন্যাল সিস্টেমের রক্ষণাবেক্ষণ
কাজের জন্য পূর্ব রেলের হাওড়া ডিভিশনে আজ ট্রাফিক ব্লক থাকবে। এর ফলে ট্রেন
চলাচলে নিয়ন্ত্রণ করা হচ্ছে। আজ হাওড়া থেকে তিনটি, ব্যান্ডেল থেকে দুটি, বর্ধমান
তারকেশ্বর ও কাটোয়া থেকে একটি করে লোকাল বাতিল থাকবে বলে রেল সূত্রের
খবর।

রবীন্দ্র সরোবর মেট্রো স্টেশনে আজ সকাল ১০-৪৫ নাগাদ আপ লাইনে ঝাঁপ দেয় এক ব্যক্তি। আহত ঐ ব্যক্তিকে উদ্ধার করে হাসপাতালে পাঠানো হয়েছে। ঘটনার জেরে ঘটটা খানেক ময়দান থেকে দক্ষিণেশ্বর মেট্রো চালানো হয়। সকাল ১১টা তেত্রিশ থেকে মেট্রো চলাচল স্বাভাবিক হয়েছে বলে মেট্রো রেল সূত্রে জানা গেছে।

উত্তর দিনাজপুর এর বাঙ্গালবাড়ী এলাকার বাসিন্দাদের দীর্ঘদিনের দাবি মেনে রাধিকাপুর-হাওড়া কুলিক এক্সপ্রেস ট্রেনের বাঙ্গালবাড়ী রেলস্টেশনে আনুষ্ঠানিকভাবে স্টপেজ চালু হয়েছে। সবুজ পতাকা নেড়ে ট্রেনের স্টপেজের শুভ সূচনা করেন রায়গঞ্জের সাংসদ কার্তিক চন্দ্র পাল। এর ফলে বাঙ্গালবাড়ী সহ পার্শ্ববর্তী এলাকার কয়েক হাজার সাধারণ মানুষ উপকৃত হবেন। বিশেষ করে ছাত্রছাত্রী, কর্মজীবী মানুষ, ব্যবসায়ী ও রোগী পরিবহণে বড়সড় স্বস্তি আসবে বলে মত স্থানীয়দের।

উত্তরে বাতাসের প্রভাবে রাজ্যে প্রায় সব জায়গাতেই তাপমাত্রা হঠাৎ করে কিছুটা কমে যাওয়ায় শীতের আমেজ বজায় রয়েছে। আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৪ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে প্রায় আড়াই ডিগ্রি কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রাও ছিল স্বাভাবিকের থেকে দুই দশমিক এক ডিগ্রি কম। আগামী চার দিনে তাপমাত্রার বিশেষ কোন পরিবর্তন হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে।

কল্যাণীতে অন্ধ্রপ্রদেশের বিরুদ্ধে পাঁচদিনের রঞ্জি ট্রফি ক্রিকেটের কোয়ার্টার ফাইনালে আজ তৃতীয় দিনে বাংলা প্রথম ইনিংসে অন্ধ্রপ্রদেশের চেয়ে এগিয়ে গিয়েছে। ৫ উইকেটে ১৯৯ রান হাতে নিয়ে দিনের খেলা শুরু করে শেষ খবর পাওয়া পর্যন্ত বাংলা ৬ উইকেটে ৩৩০ রান করেছে।

সুদীপ ঘরামি ১৬৫ রানে অপরাজিত রয়েছেন। সুমন্ত গুপ্ত করেন ৮১ রান। এর আগে অন্ধ্র প্রদেশের প্রথম ইনিংস ২৯৫ রানে শেষ হয়।
